(একই নম্বর স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৬.২১-৩৮৪

তারিখ: ০৩ কার্তিক ১৪২৮ / ১৯ অক্টোবর ২০২১

**বিষয়: ভোটগ্রহণের পূর্বে চেয়ারম্যান পদে মনোনীত বৈধ প্রার্থীর মৃত্যু হওয়ায় ০৪টি ইউনিয়ন পরিষদের আগামী ০২ নভেম্বর ২০২১ তারিখে সাধারণ নির্বাচন উপলক্ষে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ।**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৬.২১-৩৪৬, তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচী অনুসারে ১ম ধাপে ঘোষিত তফসিলের মধ্যে ভোটগ্রহণের পূর্বে চেয়ারম্যান পদে মনোনীত বৈধ প্রার্থীর মৃত্যু হওয়ায় ০৪টি ইউনিয়ন পরিষদের (কপি সংযুক্ত) **ভোটগ্রহণ ০২ নভেম্বর ২০২১** তারিখে অনুষ্ঠিত হবে।

২। উক্ত নির্বাচন উপলক্ষে মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর আওতায় আইন শৃঙ্খলা রক্ষা ও অপরাধ প্রতিরোধ কার্যক্রম এবং উক্ত আইনের তফসিলে বর্ণিত মোবাইল কোর্ট আইন, ২০০৯ অনুযায়ী ০৪টি উপজেলার প্রতিটির জন্য ০৪(চার) জন করে মোট ১৬ (ষোল) জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন। উক্ত ম্যাজিস্ট্রেটগণের মধ্যে প্রতিটি উপজেলার জন্য ০১ (এক) জন করে মোট ০৪(চার) জন ম্যাজিস্ট্রেটকে প্রার্থিতা প্রত্যাহারের পরের দিন অর্থাৎ ১৮ অক্টোবর ২০২১ তারিখ হতে ভোটগ্রহণের পরের দিন অর্থাৎ ০৩ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত মোট ১৭ (সতের) দিনের জন্য এবং প্রতিটি উপজেলার জন্য ০৩(তিন) জন করে মোট ১২ (বার) জন ম্যাজিস্ট্রেটকে আচরণ বিধি সংক্রান্ত মোবাইল কোর্ট পরিচালনার জন্য নির্বাচনি এলাকার ভোটগ্রহণের পূর্বের দুই দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দিন অর্থাৎ ৩১ অক্টোবর ২০২১ হতে ০৩ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত মোট ০৪ দিনের জন্য নিয়োগের নিমিত্ত মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উল্লেখ্য যে, উপজেলায় ইউনিয়ন পরিষদের সংখ্যা কম হলে ম্যাজিস্ট্রেট সংখ্যা হ্রাস করা যাবে।

৩। বর্ণিত অবস্থায়, দফা ২ এ উল্লিখিত সময়ে মোবাইল কোর্টের দায়িত্ব পালনের লক্ষ্যে ১৬ (ষোল) জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা যাচ্ছে। তাছাড়া উল্লিখিত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের মধ্য হতে অথবা চাহিদা অনুসারে নির্বাচনি এলাকায় আইনশৃঙ্খলা রক্ষায় নিয়োজিতব্য মোবাইল/স্ট্রাইকিং ফোর্স বিশেষ করে বিজিবি/কোস্টগার্ড এর মোবাইল টিমের সাথে ম্যাজিস্ট্রেট নিয়োগ করার জন্যও অনুরোধ করা হলো।

১৯/১০/২০২১

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (এপিডি)]

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৬.২১-৩৮৪

তারিখ: ০৩ কার্তিক ১৪২৮ / ১৯ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. বিভাগীয় কমিশনার, খুলনা/সিলেট;
২. জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সুনামগঞ্জ;
৩. উপসচিব (নির্বাচন পরিচালনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;

৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,.....................................(সংশ্লিষ্ট);
৫. উপজেলা নির্বাহী অফিসার, .....................................(সংশ্লিষ্ট);
৬. সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৭. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০. উপজেলা নির্বাচন অফিসার, ..............................(সংশ্লিষ্ট উপজেলা)
১১. ........................................................................ও রিটার্নিং অফিসার

২৯/১০/২০২১

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২১-৩৪৬

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

**বিষয়: ভোটগ্রহণের পূর্বে চেয়ারম্যান পদে মনোনীত বৈধ প্রার্থীর মৃত্যু হওয়ায় ০৪ ০৫টি ইউনিয়ন পরিষদের আগামী ০২ নভেম্বর ২০২১ তারিখে সাধারণ নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.২১-৮৬, তারিখ: ০৪ মার্চ ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রে উল্লিখিত ১ম ধাপে ঘোষিত তফসিলের মধ্যে ভোটগ্রহণের পূর্বে চেয়ারম্যান পদে মনোনীত বৈধ প্রার্থীর মৃত্যু হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০09 এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে নিম্নেবর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে **আগামী ০২ নভেম্বর ২০২১ তারিখে** নির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেনঃ

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়ন |
|---|---|---|---|
| ১. | খুলনা | পাইকগাছা | হরিঢালী |
| ২. | বাগেরহাট | মোড়েলগঞ্জ | খাউলিয়া |
| ৩. | | রামপাল | রাজনগর |
| ৪. | সুনামগঞ্জ | ছাতক | ভাতগাঁও |

২। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** চেয়ারম্যান পদে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না এবং পূর্বে মনোনয়নপত্র দাখিলকারীগণকে নতুনভাবে মনোনয়নপত্র দাখিল/প্রত্যাহারের সুযোগ দেয়া যাবে। উক্ত ইউনিয়ন পরিষদসমূহের সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে পূর্বের মনোনয়ন বহাল থাকবে, উক্ত পদে বিদ্যমান প্রার্থীদের মধ্যেই নির্বাচন অনুষ্ঠিত হবে অর্থাৎ শুধুমাত্র চেয়ারম্যান পদে নতুনভাবে মনোনয়ন দাখিল করা যাবে।

৩। **অন্যান্য নির্দেশনাঃ** উল্লিখিত সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে :

(১) সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(২) আইন, বিধি এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্রসমূহ ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে উল্লিখিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

৩০/৯/২০২১

**(মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
e-mail: ecsemc2@gmail.com

বিতরণ:
১। জেলা প্রশাসক, --------------------------------(সংশ্লিষ্ট)
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, -------(সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাহী অফিসার, ----------------------------------(সংশ্লিষ্ট)
৪। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ---------------------------(সংশ্লিষ্ট)
৫। ---------------------------------------ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২১-৩৪৬

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

৩. সিনিয়র সচিব, .......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৬. সচিব, .......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, ........................... (সংশ্লিষ্ট) বিভাগ
১১. পুলিশ কমিশনার, ...........................(সংশ্লিষ্ট)
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. মহাব্যবস্থাপক (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. জেলা প্রশাসক, ...........................(সংশ্লিষ্ট)
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ........................... (সংশ্লিষ্ট)
১৯. পুলিশ সুপার, .............................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. উপজেলা নির্বাহী অফিসার, .............................(সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৬. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, .................................. (সংশ্লিষ্ট)
২৭. অফিসার-ইন-চার্জ, .....................................................(সংশ্লিষ্ট) থানা।

০৩/০৩/২০২১
( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com

C:\Users\ses_emc2\Desktop\11 April 2021 UZ & Zilla\1-UP\1-UP-genrel & By Litter-2020-Habib.doc.doc